

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭  
(প্রশাসন শাখা)  
www.doict.gov.bd

## শোক প্রস্তাব

আমরা  
শোকাহত

আমাদের প্রিয় সহকর্মী তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সহকারী প্রোগ্রামার মিজ শাহনাজ পারভীন সাথী (কর্মস্থলঃ ডোমার, নীলফামারী), বর্তমানে সংযুক্তিতে a2i (এটুআই) কার্যালয়ে কর্মরত থাকাকালীন রাজধানীর ঢাকাস্থ পাহুপথে অবস্থিত স্কয়ার হসপিটাল লিমিটেড -এ চিকিৎসাধীন অবস্থায় গত ০৬ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ তারিখে আনুমানিক রাত ১০.৩০ ঘটিকায় ইন্তেকাল করেছেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহে রাজিউন। উল্লেখ্য যে, তিনি ২৩/১০/২০১৯ খ্রি. তারিখে একটি ফুটফুটে পুত্র সন্তান জন্মদান করেন।

মিজ শাহনাজ পারভীন সাথী গত ১৯/০৬/২০১৯ খ্রিঃ তারিখে সহকারী প্রোগ্রামার পদে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে যোগদান করেন। তিনি অত্যন্ত দক্ষতা ও আন্তরিকতার সাথে তার পেশাগত দায়িত্ব পালনে চেষ্টা করেছেন। তাঁর এই অকাল মৃত্যুতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর গভীরভাবে শোকাহত। অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী মরহমার আত্মার মাগফিরাত কামনা করছে এবং তাঁর শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর শোক ও সমবেদনা জ্ঞাপন করছে। সৃষ্টিকর্তা তাঁর পরিবারের সকলকে এই শোক সহ্য করার ক্ষমতা দান করুন এবং তাঁর ছোট্ট বাবুটিকে সুস্থভাবে বেঁচে থাকার রহমত দান করুন।  
আমীন।

মৃত্যুকালে তিনি মা, বোন, স্বামী এবং এক পুত্র সন্তান ( মাত্র ১৫ দিন) রেখে গেছেন।

১৫/০৭/২০/২০২১  
(মোঃ ফিরোজ সরকার)  
উপ-পরিচালক (প্রশাসন)  
ফোনঃ +৮৮০ ২ ৮১৮১২৬৫  
ই-মেইলঃ sarkerfiroz@yahoo.com